সমকাল

তারিখ ... 28 MAY 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৩ ...

# মাদ্রাসা ও কারিগরিতে নকল নিয়ে খেদ শিক্ষামন্ত্রীর

■ বিডিনিউজ

মাদ্রাসা ও কারিগরি পরীক্ষায় নকল হওয়া নিয়ে খেদ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তবে তার দাবি, এসএসসি ও এইচএসসিতে এখন আর তেমনটি ঘটে না।

আসন্ন ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং' পরীক্ষা উপলক্ষে কেন্দ্র সচিবদের নিয়ে গতকাল শুক্রবার ঢাকায় দিনব্যাপী কর্মশালার উদ্বোধন করে মন্ত্রী এ মন্তব্য করেন।

দেশের সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটগুলোতে আগামী ১৬ জুন থেকে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষা শুরু হবে, যা শেষ হবে ২৫ জুলাই।

এতে সরকারি-বেসরকারি ৪৫৬টি প্রতিষ্ঠানের এক লাখ ৯৩ হাজার ৯১৮ শিক্ষার্থী অংশ নেবে। এর মধ্যে এক লাখ ৭২ হাজার ৫৮২ জন ছাত্র এবং ২১ হাজার ৩৩৬ জন ছাত্রী।

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে কারিগরি শিক্ষা বোর্ড আয়োজিত এ কর্মশালায় ২৫৮টি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৭

## মাদ্রাসা ও কারিগরিতে নকল

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

সচিবরা উপস্থিত ছিলেন। নাহিদ বলেন, 'এসএসসি ও এইচএসসিতে নকল করা বন্ধ করে দিয়েছি। কিন্তু সমস্যা হলো আগের ধারাবাহিকতায় এখনও মাদ্রাসা ও কারিগরি পর্যায়ে প্রবণতাটি রয়ে গেছে। তবে আগের মতো আর সুযোগ নেই, নকল করতে গেলেই ধরা পড়ে যায়। প্রতি বছর যে বহিষ্কার হয় তার বড় কারণ নকল। নকল করতে গেলে জীবন ধ্বংস হয়ে যাবে।'

'মাদ্রাসা ও কারিগরিতে নকল করা যায়'— এমন ধারণা অনেকের মধ্যে আছে উল্লেখ করে এ ধরনের 'অসৎ কার্যক্রম' বন্ধে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান মন্ত্রী। শিক্ষা সচিব সোহরাব হোসাইনের সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, অতিরিক্ত সচিব অরুণা বিশ্বাস ও হেলাল উদ্দিন, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক জীনাত ইমতিয়াজ আলী এবং কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোস্তাফিজুর রহমান কর্মশালায় বক্তব্য দেন।